



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
জনসংযোগ বিভাগ



ই-মেইল : dg@bsb.gov.bd

নম্বর ২৪.০৬.০০০০.০০৪.০৬.০০১.২০.৫১

দৃষ্টি আকর্ষণ
সীমিত
তারিখ ১৯ কার্তিক ১৪২৭
০৪ নভেম্বর ২০২০

সভার নোটিশ

সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৫-১১-২০২০খ্রি: তারিখ সকাল ১১.০০ ঘটিকায় পরিচালক(উৎপাদন ও বিপণন) ও চীফ ইনোভেশন অফিসার, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড মহোদয়ের সভাপতিত্বে ইনোভেশন বিষয়ে (উদ্ভাবকগণসহ) ইনোভেশন কমিটির একটি সভা বোর্ডের সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সকলকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষর

৪-১১-২০ ২০

সুমন ঠাকুর

জনসংযোগ কর্মকর্তা

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) পরিচালক (সম্প্রসারণ)/(প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৩) নির্বাহী প্রকৌশলী/উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৪) উপপ্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উৎপাদন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৫) উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রংপুর।
- ৬) ম্যানেজার (সম্প্র:), সৈয়দপুর রেশম সম্প্রসারণ কেন্দ্র, সৈয়দপুর। তাকে পূর্বের নির্দেশনা মোতাবেক ভারুয়াল পদ্ধতিতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ৭) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন্দু ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
জনসংযোগ বিভাগ



ইনোভেশন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	মুঃ আবদুল হাকিম মহাপরিচালক
সভার তারিখ	০৫-১১-২০২০ খ্রি:
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	বোর্ডের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট ক- তে সংযোজন করা হলো

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর তিনি ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে উপস্থাপন করার জন্য নির্দেশনা দেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় সকলকে স্বাগত জানিয়ে চলতি অর্থ বছরে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ (সেবা সহজিকরণ এবং ডিজিটাল সেবাসহ) সভায় উপস্থাপন করেন। সংশ্লিষ্ট উদ্ভাবকগণও তাদের উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত তথ্য তুলে ধরেন। সভায় উদ্ভাবনী ধারণা, প্রশিক্ষণ কর্মশালা, বিকল্প কর্মকর্তা এবং কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. ইনোভেশন বিষয়ে বিকল্প কর্মকর্তা হিসেবে জনাব মো: নাসির উদ্দীন, সহকারী পরিচালক (মনিটরিং) এর দায়িত্ব পালনের আদেশ জারী করতে হবে। (বাস্তবায়নে: প্রশাসন বিভাগ ও ফোকাল পয়েন্ট)
২. সর্বশেষ গঠিত ইনোভেশন কমিটির সদস্যদের নামের পরিবর্তে পদবী অনুযায়ী দায়িত্ব প্রদানের আদেশ জারী করতে হবে। (বাস্তবায়নে: প্রশাসন বিভাগ ও ফোকাল পয়েন্ট)
৩. মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ইনোভেশন টিমের উদ্যোগে ০২ দিন ব্যাপি একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (বাস্তবায়নে: ইনোভেশন টিম)
৪. যাচাই বাছাইকৃত উদ্ভাবনী ধারণাসমূহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (বাস্তবায়নে: ইনোভেশন টিম)
৫. উদ্ভাবকগণের প্রেরিত উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। (বাস্তবায়নে: সংশ্লিষ্ট উদ্ভাবকগণ)

সভায়, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মুঃ আবদুল হাকিম
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৪.০৬.০০১.২০.৫

তারিখ: ৯ অগ্রহাষণ ১৪২৭

২৪ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক(অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

- ২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৩) নির্বাহী প্রকৌশলী/উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৪) উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রংপুর,।
- ৫) উৎপাদন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৬) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য



সুমন ঠাকুর
জনসংযোগ কর্মকর্তা